**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**শিক্ষা মন্ত্রণালয়**

**বিষয়: বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) সংক্রান্ত সভার অক্টোবর মাসের কার্যবিবরণী।**

সভাপতি: জনাব মো: সোহেল ইমাম খান, ডেপুটি সেক্রেটারি জেনারেল, বিএনসিইউ।

তারিখ: ৩১ অক্টোবর, ২০২১।

সময়: দুপুর ১২.৩০ মিনিট।

স্থান: সভাকক্ষ, বিএনসিইউ।

উপস্থিতি: তালিকা (পরিশিষ্ট-ক)

সম্মানিত সভাপতি সভার শুরুতে উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। সভাপতি বলেন, ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ১ম ত্রৈমাসিকের কাজসমূহ সময়মত সম্পন্ন হয়েছে, ২য় ত্রৈমাসিকের কাজ যাতে ঠিকভাবে সম্পাদন করা যায় সে বিষয়ে সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে সচেতন থাকতে হবে। চলতি অর্থবছরে বিএনসিইউ'র এপিএ'র মানক্রম অবস্থান আরও সমুন্নত করতে হবে। সম্মানিত সভাপতির অনুমতিক্রমে সিনিয়র প্রোগ্রাম অফিসার জনাব ফারহানা ইয়াসমিন জাহান বলেন, প্রমাণকসহ বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ১ম ত্রৈমাসিকের অগ্রগতি প্রতিবেদন নির্দিষ্ট সময়ে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে প্রেরণ করা হয়েছে। এরপর প্রোগ্রাম অফিসার জনাব মোহাম্মদ সোহেলুজ্জামান বলেন, ২০২১-২০২২ অর্থবছরের স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ১ম ত্রৈমাসিকের অগ্রগতি প্রতিবেদন সময়মত এপিএ সফটওয়ারে এন্ট্রি দেয়া হয়েছে, ২য় ত্রৈমাসিকের কার্যক্রম চলমান আছে। প্রোগ্রাম অফিসার জনাব আফসানা আইয়ুব বলেন, ই-নথির কার্যক্রম আরও ত্বরান্বিত করার জন্য সচেষ্ট থাকতে হবে, সময়মত নিষ্পত্তি করতে হবে। পরবর্তীতে আলোচনার পরিপ্রেক্ষিতে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়।

| ক্রমিক নং | বিষয় | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা/কর্মচারী |
|---|---|---|---|
| ১ | নির্দিষ্ট সময়ে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২১-২২ এর ২য় ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন প্রস্তুত করা, অনলাইনে দাখিল করা। | ২য় ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সময়মত প্রস্তুত করা, দাখিল করা। | ফোকাল পয়েন্ট জনাব মোঃ সোহেলুজ্জামান, নৈতিকতা কমিটি |
| ২ | ডিসেম্বর মাসে পরবর্তী সভা আয়োজন করা। | সভা আয়োজন। | ফোকাল পয়েন্ট জনাব মোঃ সোহেলুজ্জামান, নৈতিকতা কমিটি |

| | | | |
|---|---|---|---|
| ৩ | বিভিন্ন বিষয়ের প্রশিক্ষণ (শুদ্ধাচার, উদ্ভাবন, জিআরএস, সেবা প্রদান প্রতিশ্রুতি, তথ্য অধিকার) আয়োজন করা। | প্রশিক্ষণ আয়োজন। | প্রোগ্রাম অফিসার (অর্থ ও প্রশাসন) জনাব সাইফুল ইসলাম শুভ, সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণ |

২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।

৩১.১০.২০২৩

(মোঃ সোহেল ইমাম খান)
ডেপুটি সেক্রেটারি জেনারেল
বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন